গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মুহম্মদ শাহীন ইমরান, জেলা প্রশাসক, কক্সবাজার
সভার তারিখ ও সময় ঃ ২৯/০৫/২০২৩ খ্রিঃ, বেলা ঃ ১২ ঃ ০০ ঘটিকা
সভার স্থান ঃ শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
সভার উপস্থিতি ঃ সকল সদস্যবৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে খরিফ-২/২০২৩-২৪ মৌসুমে রোপা আমন ধানের (উফশী জাত) আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ বাবদ কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণের জন্য প্রণোদনা কর্মসূচির ০১টি বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য কক্সবাজার জেলায় আমন উফশী বীজ, সার ও অন্যান্য অনুদান ব্যয় বাবদ ৫৪,২০,০০০/- (চুয়ান্ন লক্ষ বিশ হাজার) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায় (কপি সংযুক্ত)। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৬২ তারিখঃ ১৭/০৫/২০২৩ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত পত্রটি পাঠ করে শুনানো হয়। তিনি কক্সবাজার জেলার ৮টি উপজেলার খরিফ-২ মৌসুমের আবাদের পরিসংখ্যান তুলে ধরেন ।

উপস্থিত সদস্যগণ উপজেলার আমন আবাদি জমির পরিমাণের উপর ভিত্তি করে প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি (কপি সংযুক্ত) পালন সাপেক্ষে উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। এছাড়া টেকনাফ উপজেলায় ঘূর্ণিঝড় মোখার আক্রমণ হওয়ায় গত বছরের তুলনায় উপকার ভোগীর সংখ্যা এ বছর বৃদ্ধির প্রস্তাব করেন। সদস্য সচিব বলেন যে, উফশী জাতের বীজ ৮০০০ জন উপকারভোগী কৃষকের মধ্যে বিতরণের জন্য ৪০ মেঃ টন বীজের প্রয়োজন। আমন উফশী বীজের ৯০% বিএডিসি হতে এবং অবশিষ্ট ১০% আধুনিক প্রযুক্তির কৃষক পর্যায়ে ধান,গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প এর তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের নিকট হতে সংগ্রহ করতে হবে। বিভিন্ন উপজেলার খরিফ-২ মৌসুমের আবাদি জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে উফশী জাতের বীজ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সংগ্রহ করা প্রয়োজন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত নং-১ ঃ** কক্সবাজার জেলায় খরিফ-২ মৌসুমে বিনামূল্যে আমন উফশী বীজ ও রাসায়নিক সার বিতরণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রাপ্ত ৮০০০ বিঘা (জন) জমিতে আবাদের জন্য প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি (কপি সংযুক্ত) পালন সাপেক্ষে উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক উপবরাদ্দ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**খরিপ-২ মৌসুম ঃ আমন উফশী**

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগীর কৃষকের সংখ্যা | বীজের পরিমাণ (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
|---|---|---|---|---|---|
| ১ | চকরিয়া | ১৪০০ | ৭০০০ | ১৪০০০ | ১৪০০০ |
| ২ | পেকুয়া | ৮০০ | ৪০০০ | ৮০০০ | ৮০০০ |
| ৩ | রামু | ১০০০ | ৫০০০ | ১০০০০ | ১০০০০ |
| ৪ | সদর | ১০০০ | ৫০০০ | ১০০০০ | ১০০০০ |
| ৫ | উখিয়া | ১০০০ | ৫০০০ | ১০০০০ | ১০০০০ |
| ৬ | টেকনাফ | ১২০০ | ৬০০০ | ১২০০০ | ১২০০০ |
| ৭ | মহেশখালী | ৯০০ | ৪৫০০ | ৯০০০ | ৯০০০ |
| ৮ | কুতুবদিয়া | ৭০০ | ৩৫০০ | ৭০০০ | ৭০০০ |
| | মোট | ৮০০০ | ৪০০০০ | ৮০০০০ | ৮০০০০ |

উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল ঃ আমন উফশী

| ক্রঃ নং | উপকরণ/খাত | আমন উফশী (বিঘা প্রতি খরচ) | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | বিঘা প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ৫ | ২৪৫ |
| ২ | ডিএপি সার | ১০ | ১৯০ |
| ৩ | এমওপি সার | ১০ | ১৮০ |
| | মোট | ২৫ | ৬১৫ |

**ফসলঃ আমন উফশী**

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯-বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট (৫+৬) | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৮+৯) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ১৪০০ | ৩৪৩০০০ | ২৬৬০০০ | ২৫২০০০ | ৫১৮০০০ | ৫১০০০ | ৩৫০০০ | ৮৬০০০ | ৯৪৭০০০ |
| ২ | পেকুয়া | ৮০০ | ১৯৬০০০ | ১৫২০০০ | ১৪৪০০০ | ২৯৬০০০ | ৩০০০০ | ২০০০০ | ৫০০০০ | ৫৪২০০০ |
| ৩ | রামু | ১০০০ | ২৪৫০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ৩২০০০ | ২৫০০০ | ৫৭০০০ | ৬৭২০০০ |
| ৪ | সদর | ১০০০ | ২৪৫০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ৩১০০০ | ২৫০০০ | ৫৬০০০ | ৬৭১০০০ |
| ৫ | উখিয়া | ১০০০ | ২৪৫০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ৩৫০০০ | ২৫০০০ | ৬০০০০ | ৬৭৫০০০ |
| ৬ | টেকনাফ | ১২০০ | ২৯৪০০০ | ২২৮০০০ | ২১৬০০০ | ৪৪৪০০০ | ৪৮০০০ | ৩০০০০ | ৭৮০০০ | ৮১৬০০০ |
| ৭ | মহেশখালী | ৯০০ | ২২০৫০০ | ১৭১০০০ | ১৬২০০০ | ৩৩৩০০০ | ৪০০০০ | ২২৫০০ | ৬২৫০০ | ৬১৬০০০ |
| ৮ | কুতুবদিয়া | ৭০০ | ১৭১৫০০ | ১৩৩০০০ | ১২৬০০০ | ২৫৯০০০ | ৩৩০০০ | ১৭৫০০ | ৫০৫০০ | ৪৮১০০০ |
| | মোট | ৮০০০ | ১৯৬০০০০ | ১৫২০০০০ | ১৪৪০০০০ | ২৯৬০০০০ | ৩০০০০০ | ২০০০০০ | ৫০০০০০ | ৫৪২০০০০ |

**সিদ্ধান্ত নং-২ ঃ** প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন ও সুষ্ঠুভাবে বীজ বিতরণের সুবিধার্থে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার তালিকা উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক জেলা কমিটিতে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, যদি ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পাওয়া না যায় তাহলে মাঝারি কৃষক কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা যাবে।

**সিদ্ধান্ত নং-৩ ঃ** কর্মসূচির অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত নং-৪ ঃ** সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বীজ, সার বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৫ ঃ** এ কর্মসূচির আমন ধানের উফশী বীজ উপজেলাওয়ারী বিভাজন অনুযায়ী নতুন উদ্ভাবিত উফশী জাত ব্রিধান-৫২, ব্রিধান-৭২, ব্রিধান-৮৭, ব্রিধান-৯৩, ব্রিধান-৯৫ ও বিনাধান-১৭ জাতের বীজ বিএডিসি এবং ডিএই এর আধুনিক প্রযুক্তিতে ধান, গম ও পাট বীজ উৎপাদন,সংরক্ষণ ও বিতরণ প্রকল্প হতে (বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রত্যায়িত) সংগ্রহ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৬ ঃ** পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দুরুত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত নং-৭ ঃ** ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

**সিদ্ধান্ত নং-৮ ঃ** উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,কক্সবাজার কর্তৃক প্রাপ্ত অর্থ ও উপকরণ খাতওয়ারী উপজেলায় উপবরাদ্দ দেয়া সহ উক্ত কর্মসূচি বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ এবং বিগত সভার কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত নং-৮ ঃ** উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভা করে বর্ণিত ফসল সমূহের চাষাবাদের উপযুক্ততা ও লক্ষ্য মাত্রা অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক বিভাজন করবেন এবং ক্ষুদ্র ও প্রান্তিক/ মাঝারী কৃষকের অগ্রাধিকার তালিকা প্রণয়ন কালে একই পরিবারে যে কোন একটি ফসলের বেশি প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে না।

সভাপতি বীজ ও সার বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৫/২০২২

মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২০ ৪৩৩(৩৩) তারিখ ঃ৩১/০৫/২০২২ খ্রিঃ

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। চেয়ারম্যান, ........................ উপজেলা পরিষদ (সকল), কক্সবাজার।
২। উপজেলা নির্বাহী অফিসার, ..................... (সকল), কক্সবাজার।
৩। উপজেলা কৃষি অফিসার, ....................... (সকল), কক্সবাজার।
৪। সিনিয়র সহকারী পরিচালক(বীজ)/ উপসহকারী পরিচালক(সার), বিএডিসি ,কক্সবাজার আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনিত বাহককে প্রণোদনার প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
দৃষ্টি আকর্ষণে ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৫। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৬। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।

৩১/৫/২২

মো: কবির হোসেন
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।